ADITYA BIRLA
UltraTech
Birla White
EVER-WHITE
WHITE CEMENT WASH

# বিড়লা হোয়াইট

## এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ

## শুভ্রতার তুলনাহীন কদর,
## চলে বছরের পর বছর।





# বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ

'বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ' প্রচণ্ড টেকসই,চমৎকার চকচকে এবং দারুণ কম খরচের ওয়াল ফিনিশ হওয়ার প্রতিশ্রুতি নিয়ে এসেছে। সিমেন্ট পেইন্টগুলোর জন্য এক প্রাইমার কোট হওয়া ছাড়াও সকল ধরনের চুলচেরা ফাটল এবং ফাঁকফোঁকড় ভরাট করার কাজেও এটি দক্ষ ফিলারের কাজ করে। **বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ** হচ্ছে একমাত্র সিমেন্ট ওয়াশ যা সাধারণ হোয়াইট সিমেন্ট ওয়াশ / লাইম ওয়াশের চেয়ে বেশি দীর্ঘকাল টেকে এবং ব্যবহার করা তলের ওপর অনেক বেশি উন্নত ফিনিশ দেয়।

বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ এমন এক ঝঞ্ঝাট-মুক্ত প্রডাক্ট যা অত্যন্ত সহজেই কোনও ব্রাশ অথবা স্প্রে ব্যবহার করে লাগানো যেতে পারে। তাই এটি ছোটো মাপের কারিগর / পেইন্টার / মিস্ত্রি-দের কাছে এটি লাগানোর প্রক্রিয়াকে করে তুলেছে অনেক সহজতর।



**3X উচ্চতর মজবুতশক্তি**



**অতুলনীয় শুভ্রতা**



**ফাটল নেই ফ্লেকিং নেই**

## প্রয়োগের ক্ষেত্র

- নতুন সিমেন্ট প্লাস্টারের দেয়াল (ভেতরে বা বাইরে)
- আরসিসি / কংক্রিটের তল



## বৈশিষ্ট্য ও সুবিধালাভ

- ছোটোখাটো ছিদ্র / পিনতুল্য ফাঁকফোকড়, চুলচেরা ফাটল ও গর্ত ভরাট করে
- উন্নততর হোয়াইট ফিনিশ
- সূণ ম্যাট ফিনিশ
- স্যাঁতাপড়া / ভেজা তলের ওপরও লাগানো যেতে পারে
- তলে জোগায় অতিরিক্ত মজবুতশক্তি
- চলকা বা ফ্লেক ওঠে না বা ধুয়ে বেরিয়ে যায় না
- 3 বছর পর্যন্ত স্থায়ী হয়

## প্রয়োজনীয় সরঞ্জাম

- সমসত্ত্ব (একসমান) ভাবে মেশানোর জন্যে মেকানিকাল স্টারার ব্যবহার করা যেতে পারে
- এটা প্রয়োগের কাজে পেইন্টিং ব্রাশ / রোলার ব্যবহার করা হয়।

## সাবস্ট্রেট তলের জন্য প্রস্তুতি

- কোনও এমারি / স্যান্ডপেপার, ব্লেড অথবা তারের ব্রাশ ইত্যাদি ব্যবহারের মাধ্যমে সমস্ত তল / দেয়াল থেকে আলগাভাবে লেগে থাকা সকল ময়লা, ধুলো, তেল ইত্যাদি বের কের দিতে হবে।

## সাবস্ট্রেট-এর প্রাক-সিক্তকরণ

- প্রাক-সিক্তকরণ বা পূর্বে-ভেজানোর ব্যাপারটা বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ প্রয়োগের আগে এক গুরুত্বপূর্ণ ধাপ যার ফলে তলের ওপর পাওয়া যায় বেশি ভালো কার্যক্ষমতা, কভারেজ এবং উচ্চতর বন্ধনশক্তি। প্রাক-সিক্তকরণের কাজটা ব্রাশ, হোস পাইপ স্প্রেজল-র সাহায্যে করা যেতে পারে। এছাড়াও কোনও মগ বালতি ব্যবহার করে জল ছেটানোর মাধ্যমে এই কাজটি করা যেতে পারে। মোট কথা, এটি লাগানোর সময়ে তল ভেজা থাকার ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ।

## ‘বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ’ মেশানোর পদ্ধতি



- মেশানোর অনুপাত (1:1.2)ঃ ‘বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ’-এর 1 কেজি নিয়ে ধীরে-ধীরে (120%) পরিষ্কার জলের সঙ্গে (1 কেজি এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ +1200 মি.লি. জল) মেশান যাতে সমসত্ত্ব মিশ্রণ (একসমান মেশানো) স্লারি পান।
- মেশানোর কাজটা ভালোভাবে সম্পন্ন করার জন্যে মেকানিকাল স্টারার (3-5 মিনিট) / হাত দিয়ে 10-12 মিনিটের জন্য করতে হবে, ফলে পাওয়া যাবে ক্রিমের মতো মিশ্রণ। এইভাবে প্রস্তুত করা স্লারি 1.5-2.0 ঘণ্টার মধ্যে ব্যবহার করে ফেলতে হবে।

## তলের ওপর (দেয়ালে) প্রয়োগ



- ভালোভাবে মেশানোর পরে, **‘বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ’** সিক্তকরা / ভেজা দেয়াল / তলের ওপর পেইন্টিং ব্রাশ (4 থেকে 5 ইঞ্চি) / উপযুক্ত রোলারের সাহায্যে লাগান।
- সেরা ফললাভের উদ্দেশ্যে, তলের ঠিকঠাক কিওরিংএর জন্য সারফেসের ওপর প্রত্যেক বার কোট স্প্রে করার পরে প্রতি 6-8 ঘণ্টা শুকোনর পরে তলের ওপর জল ছেটাবেন। দেয়ালের এই তলের ওপর দ্বিতীয় কোট লাগানোর আগে ঠিকঠাক শুকোনের জন্য তলটিকে 24 ঘণ্টা বা কমপক্ষে এক রাত ওভাবেই থাকতে দেবেন।



- সারারাত শুকোনর পরে, দ্বিতীয় কোট লাগাবেন। ভালো সারফেস ফিনিশ পাওয়ার পক্ষে দু’টো কোট যথেষ্ট।
- চূড়ান্ত কোট লাগানোর পরে কমপক্ষে 3-5 দিন পর্যন্ত জল দিয়ে কিওরিং করা দরকার (আবহাওয়ার পরিস্থিতির ওপর নির্ভর ক’রে রোজ 2-3 বার)।
- ব্রাশ চালানোর কাজটা কেবলমাত্র অনুভূমিক (হরাইজন্টাল) ভাবেই করতে হবে। এর ফলে বেশি সুন্দর সারফেশ ফিনিশ পাওয়ার সুবিধা হবে আর ব্রাশের দাগও পড়বে একেবারে কম।

## কারিগরি পরিমাত্রা

| ক্র.ন. | কারিগরি পরিমাত্রা | মাননির্দেশন | পরীক্ষার পদ্ধতি |
|---|---|---|---|
| 1. | কভারেজ (ব.ফু. / কেজি দুই কোট)<br>[ আদর্শ মসৃণ তলের ওপর ]* | **38-42** | অভ্যন্তরীণ |
| 2. | পটলাইফ (ঘণ্টা) | **1.5-2.0** | অভ্যন্তরীণ |
| 3. | শুকোনর সময় **@ 25±2 °C**<br>-স্পর্শে শুকনো<br>-কড়া শুকনো | <br>সর্বাধিক 1 ঘণ্টা<br>কমপক্ষে 6 ঘণ্টা | <br>অভ্যন্তরীণ<br>অভ্যন্তরীণ |
| 4. | ভিওসি (এমজি / কেজি) | শূন্য | **ASTM 6886** |
| 5. | আপত ঘণত্ব (গ্রা. / সে.মি. 3) | **0.90-1.0** | অভ্যন্তরীণ |

*এই ভ্যাল্যু মসৃণ তলের ওপর। যা হোক, তলের টেক্সচারের ওপর নির্ভর করে এতে রদবদল হতে পারে।

## সতর্কতাসমূহ

- ✔ মিশ্রণ প্রস্তুতের সময়ে, **বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ** প্রডাক্টটি জলের সঙ্গে মেশাতে হবে, তার উল্টোটা নয়।
- ✔ মেশানোর সময়ে অনবরত নাড়তে থাকবেন।
- ✔ পুরোপুরি ভাবে প্রস্তুত করা সারফেসের ওপর **বিড়লা হোয়াইট এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ** লাগাবেন।
- ✔ প্রয়োগের আগেই মিশ্রণটি যাতে সেট না করে সেটা সুনিশ্চিত করার জন্যে,কেবল সীমিত পরিমাণেই মিশ্রণটি বানাবেন যাতে তা 2 ঘণ্টার কম সময়ের মধ্যেই ব্যবহার করে ফেলা যায়।
- ✔ দারুণ ভাবে শোষক তলগুলোর জন্য, ফিনিশ কোটটা একটু পাতলা করে নেবেন।
- ✔ এভার-হোয়াইট সিমেন্ট ওয়াশ-এর দুটো কোটের মাঝখানে 24 ঘণ্টার বিরতি রাখার জন্য সুপারিশ করা হয়।
- ✔ প্রয়োগের আগে স্লারি বা মিশ্রণটিকে অনবরত নাড়তে থাকবেন। সমসত্ত্ব (একসমান) মিশ্রণ বানানোর জন্য সেরা সুপারিশ হল মেকানিকাল স্টারার।
- ✘ সরাসরি সূর্যালোকে এই প্রডাক্টটি লাগাবেন না, কারণ তাতে সিমেন্ট দ্রুততর সেট হতে থাকবে আর সারফেসের ওপর ব্রাশের দাগ ফুটে উঠবে।

**আলট্রাটেক সিমেন্ট লিমিটেড,**

৭থ্ ফ্লোর, বিড়লা সেঞ্চুরিয়ান, পান্ডুরং বুধকার মার্গ, ওরলি, মুম্বই - 400030

টেলিফোন বোর্ড নাম্বার্সঃ 022-68540444 / 50365111

ওয়েবসাইট: www.birlawhite.com | টোল-ফ্রী নং: 1800 11 1717

www.facebook.com/BirlaWhiteCement | twitter.com/BirlaWhite

bw-consumercare@adityabirla.com